গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
রাজবাড়ী
সাধারণ শাখা
www.rajbari.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৮২০০.০২৩.১৮.১২৫.২৪.২৪

তারিখ: ০৯ ফাল্গুন ১৪৩২ / ২১ ফেব্রুয়ারি ২০২৬

## সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫ এর আলোকে রাজবাড়ী জেলার নিম্নোক্ত ডিলার ইউনিটের সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

| ক্র. নং | উপজেলা | ইউনিয়ন/ পৌরসভা | শূন্য ডিলার ইউনিট/সার ডিলার এর কার্যএলাকা (........ওয়ার্ড নং) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | রাজবাড়ী সদর | মিজানপুর | চরনারায়নপুর চৌরাস্তা, ওয়ার্ড নং- ৪,৫,৬ | |
| ২ | | দাদশী | পাকুড়ীকান্দা, ওয়ার্ড নং- ৭,৮,৯ | |
| ৩ | | আলীপুর | বারবাকপুর বাজার, ওয়ার্ড নং- ১,২,৩ | |
| ৪ | | | কল্যাণপুর বাজার, ওয়ার্ড নং- ৭,৮,৯ | |
| ৫ | | পাঁচুরিয়া | মরডাঙ্গা বাজার, ওয়ার্ড নং- ১,২,৩ | |
| ৬ | | | ভান্ডারিয়া বাজার, ওয়ার্ড নং- ৭,৮,৯ | |
| ৭ | | বরাট | রাধাকান্তপুর, সামাদ মার্কেট, ওয়ার্ড নং- ৪,৫,৬ | |
| ৮ | | শহীদওহাবপুর | সরদারকান্দি বড় নুরপুর, ওয়ার্ড নং- ৭,৮,৯ | |
| ৯ | | বসন্তপুর | কোলারহাট, ওয়ার্ড নং- ১,২,৩ | |
| ১০ | | | বসন্তপুর স্টেশন বাজার, ওয়ার্ড নং- ৭,৮,৯ | |
| ১১ | | বানীবহ | বাণীবহ বাজার, ওয়ার্ড নং- ১,২,৩ | |
| ১২ | | | সৈয়দ পাঁচুরিয়া, ওয়ার্ড নং- ৭,৮,৯ | |
| ১৩ | | মূলঘর | রশোড়া হাট, ওয়ার্ড নং- ৪,৫,৬ | |
| ১৪ | | | বাঘিয়া চেয়ারম্যানের মোড়, ওয়ার্ড নং-৭,৮,৯ | |
| ১৫ | | সুলতানপুর | জালদিয়া হাট, ওয়ার্ড নং- ১,২,৩ | |
| ১৬ | | | সুলতানপুর খেয়াঘাট, ওয়ার্ড নং- ৭,৮,৯ | |
| ১৭ | | চন্দনী | ধাওয়াপাড়া ফেরীঘাট, ওয়ার্ড নং- ১,২,৩ | |
| ১৮ | | খানগঞ্জ | বেলগাছি পুরান বাজার, ওয়ার্ড নং- ১,২,৩ | |
| ১৯ | | | হাটবাড়ীয়া পাষাণ মার্কেট, ওয়ার্ড নং- ৭,৮,৯ | |
| ২০ | | পৌরসভা | শ্রীপুর বাজার, ওয়ার্ড নং- ৪,৫,৬ | |
| ২১ | পাংশা | মাছপাড়া | খলিল মোড় নিভা এনায়েতপুর, ওয়ার্ড নং-১,২,৩ | |
| ২২ | | কলিমহর | প্রাণপুর মাদ্রাসা, ওয়ার্ড নং- ১,২,৩ | |
| ২৩ | | পাট্টা | রয়রাট বাজার, ওয়ার্ড নং- ১,২,৩ | |
| ২৪ | | কসবামাজাইল | কেওয়াগ্রাম বাজার, ওয়ার্ড নং- ১,২,৩ | |
| ২৫ | | | নাদুরিয়া বাজার, ওয়ার্ড নং- ৭,৮,৯ | |
| ২৬ | | বাহাদুরপুর | বাহাদুরপুর বাজার, ওয়ার্ড নং- ৪,৫,৬ | |
| ২৭ | | সরিষা | বহলাডাঙ্গা বাজার, ওয়ার্ড নং- ৪,৫,৬ | |
| ২৮ | কালুখালী | মাজবাড়ী | হাড়িভাঙ্গা স্কুল সংলগ্ন, ওয়ার্ড নং- ৭,৮,৯ | |
| ২৯ | | বোয়ালিয়া | বাংলাদেশ হাট মোড়, ওয়ার্ড নং- ৪,৫,৬ | |
| ৩০ | | মৃগী | মল্লিকপাড়া মোড়, ওয়ার্ড নং- ১,২,৩ | |
| ৩১ | | | মৃগী বাজার, ওয়ার্ড নং- ৭,৮,৯ | |
| ৩২ | | সাওরাইল | ফুলতলা বাজার, ওয়ার্ড নং- ১,২,৩ | |
| ৩৩ | বালিয়াকান্দি | বালিয়াকান্দি | ফুলবাড়ী মোড় পাইককান্দি, ওয়ার্ড নং-৭,৮,৯ | |
| ৩৪ | | নবাবপুর | ঘোনারহাট বাজার, ওয়ার্ড নং- ৪,৫,৬ | |
| ৩৫ | | | বেরুলী বাজার, ওয়ার্ড নং- ৭,৮,৯ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৬ | | নারুয়া | ঘিকমলা বাজার, ওয়ার্ড নং- ১,২,৩ | |
| ৩৭ | | | গাড়াকোলা বাজার, ওয়ার্ড নং- ৭,৮,৯ | |
| ৩৮ | | জঙ্গাল | জঙ্গাল বাজার, ওয়ার্ড নং- ১,২,৩ | |
| ৩৯ | | | সমাধিনগর বাজার, ওয়ার্ড নং- ৪,৫,৬ | |
| ৪০ | গোয়ালন্দ | দেবগ্রাম | পিয়ার আলী মোড়, ওয়ার্ড নং- ১,২,৩ | |
| ৪১ | | | দেবগ্রাম ইউনিয়ন পরিষদ, ওয়ার্ড নং-৭,৮,৯ | |
| ৪২ | | ছোট ভাকলা | পিসকারের মোড়, ওয়ার্ড নং- ৪,৫,৬ | |
| ৪৩ | | | মৌলবী বাজার, ওয়ার্ড নং- ৭,৮,৯ | |
| ৪৪ | | গোয়ালন্দ পৌরসভা | জামতলা বাজার, ওয়ার্ড নং- ১,২,৩ | |

**শর্তাবলী:**

(ক) 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫ এর 'পরিশিষ্ট-১' মোতাবেক আবেদনকারীকে নির্ধারিত ছকে আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়কপত্র (Cover Letter) সহ জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজবাড়ী বরাবর আবেদন দাখিল করতে হবে।

(খ) আবেদনকারীকে নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে ২০২৫ এর নীতিমালায় বর্ণিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে হবে। আবেদনের সাথে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজপত্র জমা দিতে হবে:

১. জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে;
২. সাম্প্রতিক তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি সত্যায়িত করে দাখিল করতে হবে;
৩. হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি দাখিল করতে হবে;
৪. দোকান ও গুদামের (কমপক্ষে ৫০ মে. টন ধারণক্ষমতা) পরিমাপের বর্ণনাসহ মালিকানা/ভাড়ার চুক্তিনামার কপি দাখিল করতে হবে;
৫. কমপক্ষে ১০ (দশ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ দাখিল করতে হবে;
৬. হালনাগাদ আয়কর রিটার্ন সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে;
৭. আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যায়িত পরিবারের সদস্যদের পেশা (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা প্রদান করতে হবে;
৮. আবেদনকারীর কৃষি উপকরণ-সংক্রান্ত ব্যবসায়ের পূর্ব অভিজ্ঞতা থাকলে তার বিবরণ (প্রমাণাদিসহ) দাখিল করতে হবে;
৯. আবেদনকারীকে জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজবাড়ী বরাবর আর্নেস্টমানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে;
১০. আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২,০০০/- (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজবাড়ী বরাবর জমা দিতে হবে;
১১. বিজ্ঞপ্তিতে উল্লিখিত যোগ্যতাসমূহের প্রমাণক।

**(গ) যোগ্যতা:**

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন/উপজেলা/পৌরসভার বাসিন্দা হতে হবে;
২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ৫০ মে. টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে; তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেষ্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না;
৩. নির্বাচিত ডিলারদের ক্ষেত্রে নির্ধারিত কার্য এলাকায় ১০ মে. টন ধারণক্ষমতা সম্পন্ন ২টি বিক্রয় কেন্দ্র (অন্য ২টি ওয়ার্ডে) থাকতে হবে;
৪. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;
৫. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০ (দশ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;
৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;
৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে।

**(ঘ) অযোগ্যতা:**

১. ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতঃপূর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দন্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;
২. কোনো সরকারি কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না;

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে অপর কেউ আবেদন করতে বা ডিলার থাকতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সংজ্ঞার্থ দেশে বিদ্যমান প্রচলিত আইন দ্বারা নির্ধারিত হবে;

**(ঙ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান:**

১. বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১১.০৩.২০২৬ খ্রি. বিকাল ৩:৩০ ঘটিকা পর্যন্ত;

২. আবেদনপত্র উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজবাড়ী এর দপ্তরে সরাসরি জমা করতে হবে। অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না;

৩. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(চ) ডিলার নির্বাচিত হওয়ার পূর্বে অথবা পরে কোনো ডিলার কর্তৃক দাখিলকৃত তথ্য অসত্য/ভুল/জাল প্রমাণিত হলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ডিলারের ডিলারশিপ বাতিল করতে পারবে।

(ছ) ডিলার নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২২.০২.২০২৬

সুলতানা আক্তার
জেলা প্রশাসক
রাজবাড়ী
ফোন: ০২-৪৭৮৮০৭৫৩৩
ইমেইল: dcrajbari@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৮২০০.০২৩.১৮.১২৫.২৪.২৪(৫০) তারিখ: ০৯ ফাল্গুন ১৪৩২ / ২২ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। সচিব শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
০২। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
০৩। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), কৃষি ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
০৪। চেয়ারম্যান, বিসিআইসি, দিলকুশা বা/এ, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
০৬। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর/পাংশা/কালুখালী/বালিয়াকান্দি/গোয়ালন্দ, রাজবাড়ী।
০৭। সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর/পাংশা/কালুখালী/বালিয়াকান্দি/গোয়ালন্দ, রাজবাড়ী।
০৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী (জেলা প্রশাসকের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৯। সম্পাদক,........................................... ...........................................ঢাকা।
১০। সম্পাদক,........................................... .....................................রাজবাড়ী
বিজ্ঞপ্তিটি আগামী ২৪/০২/২০২৬ তারিখের মধ্যে তাঁর পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১(এক) দিনের জন্য প্রকাশ করে বিজ্ঞপ্তির ০৫(পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১১। অফিস কপি।

২২.০২.২০২৬
জেলা প্রশাসক
রাজবাড়ী